

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ

(২০২৬ ইং সনের ৩৯ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১.

বিচারপতি মোঃ খায়রুল আলম
এবং
বিচারপতি মোঃ সগীর হোসেন

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, প্রতি বৃহস্পতিবার দুপুর ২:০০ ঘটিকা হইতে বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত ফৌজদারী কার্যবিধি ৪৯৮ এবং ৫৬১A ধারা মোতাবেক ২০২৪ ইং সাল পর্যন্ত ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ শুনানী ও নিষ্পত্তি করিবেন এবং তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।

২.

বিচারপতি কে এম জাহিদ সারওয়ার
এবং
বিচারপতি শেখ আবু তাহের

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, প্রতি বৃহস্পতিবার দুপুর ২:০০ ঘটিকা হইতে বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত ফৌজদারী কার্যবিধি ৪৯৮ এবং ৫৬১A ধারা মোতাবেক ২০২৪ ইং সাল পর্যন্ত ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ শুনানী ও নিষ্পত্তি করিবেন এবং তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।

৩.

বিচারপতি ইউসুফ আব্দুল্লাহ সুমন

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ একক বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ/-

বাংলাদেশের প্রধান বিচারপতি
তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

প্রচারের জন্যঃ

১. বিচারপতি মোঃ খায়রুল আলম
২. বিচারপতি কে এম জাহিদ সারওয়ার
৩. বিচারপতি ইউসুফ আব্দুল্লাহ সুমন
৪. বিচারপতি মোঃ সগীর হোসেন
৫. বিচারপতি শেখ আবু তাহের